

## উভচর শ্রেণীর মার্কিন জাহাজ এসেক্স আসছে উদ্ধার কাজে



মার্কিন নৌবহরের জাহাজ ইউএসএস এসেক্স ঘূর্ণিঝড়  
এলাকায় উদ্ধার ও ত্রাণ কাজে অংশ নিতে বাংলাদেশে আসছে

।। এজাজ হোসেন ।।

সিডর ধ্বংসযজ্ঞের পর মার্কিন নৌবাহিনীর যে জাহাজটি উদ্ধার কাজে অংশ নেয়ার জন্যে বাংলাদেশে আসছে সেটি মূলত উভচর শ্রেণীর আক্রমণাত্মক জাহাজ। হেলিকপ্টার, হ্যারিয়ার জেট, হোভারক্রাফট, সাধারণ যুদ্ধ বিমানসহ নানামুখী ব্যবস্থার সমন্বয়ে এটি আক্রমণ পরিচালনায় সক্ষম। বিশেষ ধরনের অভিযান পরিচালনায় দক্ষতাসম্পন্ন ইউএসএস এসেক্স নামের এ জাহাজটি ম্যারিন এক্সপেডিশনারি ইউনিটের অন্তর্গত। পঞ্চমবারের মত ১৯৯২ সালে কমিশন পাওয়া জাহাজটি ২০০১ সালে পূর্ব তিমুরে ত্রাণ ও উদ্ধার কাজে অংশ নিয়েছিল।

শূন্য অবস্থায় জাহাজটির ওজন ৪০ হাজার ৫০০ টন। ৮৪৪ ফুট দীর্ঘ জাহাজটিতে বিভিন্ন ধরনের যানবাহন রাখার জন্য জায়গা রয়েছে ২২ হাজার স্কয়ার ফুট। এক লাখ কিউবিক ফুট রয়েছে মালমাল রাখার জায়গা। ৩৬টি যুদ্ধ বিমান বহনে সক্ষম জাহাজটি ২৪ নটিক্যাল মাইল গতিতে ছুটে সক্ষম। পুনরায় জ্বালানি না নিয়ে একটানা এটি ১১ হাজার মাইল পর্যন্ত পাড়ি দিতে পারে।

জাহাজে রয়েছে বিভিন্ন ধরনের হেলিকপ্টার, হোভারক্রাফট, যুদ্ধ বিমান সমাহার। রয়েছে দুই পাখাওয়ালা চিনুক শ্রেণীর হেলিকপ্টার সুপার স্ট্যালিয়ন। এই হেলিকপ্টার এক সঙ্গে ৫৫ জনকে উদ্ধার করতে পারে। যুদ্ধাবস্থায় এ ধরনের হেলিকপ্টার ট্যাক্স, সাজোয়া যান ও সৈন্যদের নিয়ে দ্রুত যুদ্ধক্ষেত্রের বিভিন্ন অবস্থানে পৌঁছে যায়। সি নাইট নামে চিনুক শ্রেণীর আরও এক ধরনের হেলিকপ্টার রয়েছে জাহাজে। এটি সব ধরনের আবহাওয়াতে অর্থাৎ বিরূপ আবহাওয়াতেও উড্ডয়নে সক্ষম। আরও রয়েছে সি হক হেলিকপ্টার। সি হক হেলিকপ্টার সাধারণত অনুসন্ধান কাজে ব্যবহৃত হয়। এছাড়া রয়েছে কোবরা, হুয়ে শ্রেণীর হেলিকপ্টার। জাহাজটিতে ভূমি থেকে সরাসরি আকাশে উড্ডয়নে সক্ষম হারিয়ার যুদ্ধ বিমান যেমন রয়েছে, তেমনি রয়েছে রানওয়ে ব্যবহারকারী সাধারণ যুদ্ধ বিমানও। জাহাজটিতে হোভারক্রাফট রয়েছে তিনটি। এই ক্রাফটগুলো ৬০ টন থেকে ১৮০ টন পর্যন্ত মাল বহনে সক্ষম। জাহাজটি একসঙ্গে ২ হাজারের বেশী মেরিন সেনা বহন করে নিয়ে যেতে পারে। জাহাজে রয়েছে ১০টি অপারেশন রুমসহ হাসপাতাল।

জাহাজটি জাপানের সাসওয়া বেতে মোতায়ন থাকে। উল্লেখ্য, ১৯৯১ সালের প্রলয়ংকরী ঘূর্ণিঝড়ের পর মার্কিন নৌবাহিনী 'অপারেশন সি এঞ্জেল' একটি ত্রাণ ও উদ্ধার অভিযানে অংশ নিয়েছিল।